# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) বাংলা নববর্ষ

(খ) বিশ্বায়ন

২. **যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) এস.এস.সি পরীক্ষার পর অবসর দিনগুলো কীভাবে কাটাবে তা জানিয়ে প্রবাসী বন্ধুর কাছে একখানি পত্র লেখো।

অথবা, (খ) যানজট নিরসনকল্পে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখো।

৩. **সারাংশ লেখো:** ১০

(ক) মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। বস্তুর চরিত্র বলেই মানুষের জীবনে যা-কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, সে শুধু চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হবার দরকার নাই। জগতে যে সকল মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাদের গৌরব মূলে এই চরিত্র শক্তি। তুমি চরিত্রবান লোক এ কথার অর্থ এই নয় যে তুমি লম্পট নও, তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ করো। তুমি পর দুঃখে কাতর, ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতা প্রিয়, চরিত্রবান মানে এই।

Teachingbd24.com
https://teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) "বসুমতি, কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা,
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?"
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী—
"আমার গৌরব তাতে সামান্যই বাড়ে;
তোমার গৌরব তাহে একেবারেই ছাড়ে।"

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** ১০

(ক) দুর্নীতি জাতীয় জীবনের সকল উন্নতির অন্তরায়।

(খ) স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে পশু সেইজন।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** ১০

(ক) তোমার বিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের ওপর একটি প্রতিবেদন তৈরি করো।

(খ) মনে করো, তোমার নাম নাফিছ। তুমি 'দৈনিক প্রথম আলো' পত্রিকার স্টাফ রিপোর্টার। "খাদ্যে ভেজালের কারণ ও প্রতিকার" শিরোনামে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন তৈরি করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) মানব কল্যাণে বিজ্ঞান

(খ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

(গ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য

Teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. 'বধ' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর।**
ⓚ বৃধ্ + ক্ত ⓚh ব + ধ
ⓖ হন্ + অল ⓖh হন্ + ণিন

**২. কোনটিতে বৃহদার্থে স্ত্রীবাচক প্রত্যয় যুক্ত হয়েছে?**
ক) হিমানী খ) পুস্তিকা
গ) অরণ্যানী ঘ) গীতিকা

**৩. পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির- কোন অর্থে দ্বিরুক্তি?**
ক) ভাবের গভীরতা খ) সামান্যতা
গ) বিশেষণ ঘ) অনুভূতি

**৪. কোনটি পরপদ প্রধান সমাস?**
ক) কর্মধারয় খ) অব্যয়ীভাব
গ) দ্বন্দ্ব ঘ) বহুব্রীহি

**৫. কোন বাক্যের অসমাপিকা ক্রিয়াটি অনুসর্গরূপে ব্যবহৃত হয়েছে?**
ক) জন্মভূমি স্বর্গের চাইতে শ্রেষ্ঠ
খ) এমন চাওয়া চাইতে নেই
গ) সে আমার দিকে চাইতে থাকে
ঘ) কী চাইতে ইচ্ছা করে

**৬. কোন বাক্যে অসমান কর্তা আছে?**
ক) সে যেতে যেতে থেমে গেল
খ) বালিকাটি গান করে চলে গেল
গ) সে কেঁদে কেঁদে বলল
ঘ) সে এলে আমি যাব

**৭. কোন বাক্যে আবশ্যকতা বোঝাতে ইতে>তে বিভক্তিযুক্ত অসমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে?**
ক) তোমাকে দেখতে চাই
খ) খোকা এখন পড়তে পারে
গ) আমি এখানে থাকতে আসিনি
ঘ) এখন ট্রেন ধরতে হবে

**৮. কোন বাক্যে পরীক্ষা অর্থে যৌগিক ক্রিয়া ব্যবহৃত হয়েছে?**
ক) কষ্টিপাথরে সোনা ঘষে নাও
খ) এখন ভাবতে থাক
গ) আমাকে করতে দাও
ঘ) আমার পরীক্ষা দিয়ে আসছি

**৯. ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় কোন পুরুষ ব্যবহৃত হয় না?**
ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ
গ) নাম পুরুষ ঘ) কোনটিই নয়

**১০. অপভ্রংশের মাধ্যমে কোন ধাতু আমাদের ভাষায় এসে গেছে?**
ক) সংস্কৃত ধাতু খ) মৌলিক ধাতু
গ) সাধিত ধাতু ঘ) খাঁটি বাংলা ধাতু

**১১. ক্রমান্বয়তা বোঝাতে কোন যৌগিকটি ক্রিয়াটি ব্যবহৃত হয়েছে?**
ক) গায়ক গেয়ে যাচ্ছেন
খ) ছুটি ফুরিয়ে আসছে
গ) ঋণের বোঝা ভারি হয়ে উঠছে
ঘ) খোকা কাঁদতে লাগলো

**১২. কোন কাজটিতে 'সমকাল' বোঝাতে অসমাপিকা ক্রিয়া ব্যবহার হয়েছে?**
ক) 'সেউতিতে পদ দেবী রাখিতে রাখিতে'
খ) 'কাটিতে কাটিতে ধান এল বরষা'
গ) রাণী এখন ইংরেজি পড়তে শিখছে
ঘ) মেলা দেখতে ঢাকা যাব

**১৩. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয় এর উদাহরণ?**
ক) যত গর্জে তত বর্ষে না
খ) মরি মরি! কী সুন্দর
গ) বাঃ কী মজা
ঘ) অতি ভক্তি চোরের লক্ষণ

**১৪. 'রোগ হলে ওষুধ খাবে' ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় কোন অর্থ প্রকাশ পাচ্ছে?**
ক) বিধান খ) আদেশ
গ) অনুরোধ ঘ) অনুনয়

Teachingbd24.com

১৫. প্রাচীন বাংলা রীতিতে মধ্যম পুরুষে অনুজ্ঞায় ক্রিয়ার সঙ্গে 'হ' যোগ করার নিয়ম ছিল। এই 'হ' বর্তমানে কিসে পরিণত হয়েছে?

ⓚ উ এবং অ  ⓚ আ এবং ও

ⓖ ই এবং ঈ  ⓖ অ এবং ও

১৬. 'সাতাশ হতো যদি একশ সাতাশ'-এখানে 'হতো' কোন কালের ক্রিয়া?

ক) পুরাঘটিত অতীত  খ) সাধারণ অতীত

গ) পুরাঘটিত বর্তমান  ঘ) নিত্যবৃত্ত অতীত

১৭. গুজরাটি শব্দের উদাহরণ কোনটি

ক) হরতাল  খ) লুঙ্গি

গ) রিক্সা  ঘ) চাকু

১৮. অনুসর্গ অব্যয় কোন নামে পরিচিত?

ক) অনুকার অব্যয়

খ) অনন্বয়ী অব্যয়

গ) নিত্যসম্বন্ধীয় অব্যয়

ঘ) পদান্বয়ী অব্যয়

১৯. বক্তার প্রত্যক্ষ উক্তিতে কোন কাল ব্যবহৃত হয়?

ক) ঘটমান বর্তমান  খ) পুরাঘটিত বর্তমান

গ) নিত্যবৃত্ত বর্তমান  ঘ) নিত্যবৃত্ত অতীত

২০. সমধাতুজ কর্মের অপর নাম কী?

ক) সমাপিকা ক্রিয়া  খ) যৌগিক ক্রিয়া

গ) ধাত্বর্থক ক্রিয়া  ঘ) কোনটি নয়

২১. যুক্তাক্ষর ধ্বনি একাক্ষর হলে এবং তারপরে এ-কার যুক্ত হলে কী হয়?

ক) মৌলিক স্বরধ্বনি

খ) যৌগিক স্বরধ্বনি

গ) যৌগিক ব্যঞ্জনধ্বনি

ঘ) মৌলিক ব্যঞ্জনধ্বনি

* নোট: প্রশ্নটি পাঠ্যবইয়ের সাথে মিল নেই।

২২. তুচ্ছার্থক বা ঘনিষ্টার্থক মধ্যম পুরুষের ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় চলিত রীতির বিভক্তি কোনটি?

ক) -ইস  খ) -স

গ) -ও  ঘ) -ইও

২৩. অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বোঝাতে মূল বিশেষণের পূর্বে কোনটি বসে?

ক) অনেক  খ) চাইতে

গ) সবচাইতে  ঘ) অপেক্ষা

২৪. সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের বর্তমান কালের অনুজ্ঞায় কোন ক্রিয়া বিভক্তি যুক্ত হয়?

ক) ইও, ইবে  খ) উন, ন

গ) বেন, এন  ঘ) অ, ও

২৫. একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য আ যুক্ত হলে তাকে বলে-

ক) বর্ণদ্বিত্ব

খ) স্বরসঙ্গতি

গ) অসমীকরণ  ঘ) পরাগত

২৬. বাংলা ভাষায় ব্যবহৃত বিদেশি ধাতুগুলো প্রধানত কোন ভাষা থেকে এসেছে?

ক) ফারসি  খ) হিন্দি

গ) আরবি  ঘ) উর্দু

২৭. 'দুর্নীতি দুর্নাম, দুর্নিবার, সর্বনাম'-প্রভৃতি শব্দে 'ণ' ব্যবহৃত হয়নি কেন?

ক) তৎসম শব্দ বলে  খ) দেশি শব্দ বলে

গ) বিদেশি শব্দ বলে

ঘ) সমাসবদ্ধ শব্দ বলে

২৮. বৃদ্ধিসূত্রে 'ঋ' হলে কী হয়?

ক) ণক  খ) অর্

গ) আর  ঘ) ঋ

২৯. আক্ষেপ বুঝাতে অতীতের স্থলে কোন কাল ব্যবহৃত হয়?

ক) পুরাঘটিত বর্তমান  খ) ভবিষ্যৎ কাল

গ) নিত্যবৃত্ত বর্তমান  ঘ) ঘটমান বর্তমান

৩০. ত-এর পরে ল থাকলে ত স্থানে কোনটি হবে?

ক) উ  খ) ন্ধ

গ) স্ব  ঘ) ল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | * | ২২ | খ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd24.com